*AH-I/Bengali-101C-2/19*

## B.A. 1st Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 10112** **Course Code : AHBNG-101C-2**

Course Title: সংস্কৃত ও ইংরাজি সাহিত্যের ইতিহাস, ছন্দ-অলঙ্কার

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘মৃচ্ছকটিক’ নাটকটির রচনাকার কে? ‘মৃচ্ছকটিক’ শব্দটির অর্থ কী?

(খ) ‘হর্ষচরিত’ রচনাটি কার লেখা? গ্রন্থটিতে কোন রাজার কাহিনি উল্লিখিত?

(গ) ফরাসী বিপ্লবের প্রেরণায় রচিত শেলীর বিখ্যাত রচনাটির নাম লেখো। এটির প্রকাশসাল কত?

(ঘ) স্কটের প্রথম উপন্যাস কোনটি? গ্রন্থটির সূচনা ও সমাপ্তিকাল উল্লেখ করো।

(ঙ) স্বরবৃত্ত ছন্দকে “প্রকৃত বাংলার ছন্দ” কে বলেছেন? ছন্দটির মাত্রাগণনা পদ্ধতি কেমন-তা লেখো।

(চ) যতি কাকে বলে? যতি কয় প্রকার ও কী কী?

(ছ) উপমা অলঙ্কারের সংজ্ঞা সহ এর বিভাগগুলি উল্লেখ করো।

(জ) শ্লেষ অলঙ্কারকে কটি ভাগে ভাগ করা হয়? প্রতিটির একটি করে উদাহরণ দাও।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) নাট্যকার হিসেবে ভাসের রচনার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(খ) এলিয়টের কাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(গ) ছন্দ নির্ণয় করোঃ-

আমার বসন্ত কাটে খাদ্যের সারিতে প্রতীক্ষায়।
আমার বিনিদ্র রাতে সতর্ক সাইরেন ডেকে যায়।।

(ঘ) অলঙ্কার নির্ণয় করোঃ-

‘অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ,
কোন গুণ নাহি তার কপালে আগুন।।’

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) কালিদাসের বিখ্যাত কাব্য ‘মেঘদূতম্’ অবলম্বনে রচনাকারের শ্রেষ্ঠত্বের পরিচয় দাও।

(খ) রোমান্টিক যুগের অন্যতম পুরোধা হিসাবে শেলীর কবি প্রতিভার পরিচয় দাও।

(গ) ‘খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দোঁহে
কী ছিল বিধাতার মনে।’

-উক্ত স্তবকটিতে কোন রীতির ছন্দ ব্যবহৃত—তার উল্লেখ সহ ছন্দটি সম্বন্ধে তোমার ধারণার সম্যক পরিচয় দাও।

(ঘ) রূপক অলঙ্কার কাকে বলে? এর প্রকারভেদগুলি উদাহরণ সহ বিস্তৃতভাবে বুঝিয়ে দাও।

*AH-I/Bengali-103GE-1/19*

## B.A. 1st Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 10114** **Course Code : AHBNG-103GE-1**

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) চর্যাপদের পুঁথিটি কত খ্রিস্টাব্দে কী নামে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(খ) কত খ্রিস্টাব্দে বাংলায় তুর্কি আক্রমণ ঘটে? সেই সময় বাংলায় কোন রাজ বংশের শাষণ চলছিল?

(গ) 'অভিনব জয়দেব' কাকে, কেন বলা হয়?

(ঘ) জ্ঞানদাস কত খ্রিস্টাব্দে কোথায় জন্মগ্রহণ করেন?

(ঙ) ''তেরশ পঁচানই শকে গ্রন্থ আরম্ভন।
চতুর্দশ দুই শকে হৈল সমাপন।।

—এটি কার, কোন গ্রন্থের রচনাকালজ্ঞাপক শ্লোক? গ্রন্থটির রচনাকাল লেখো।

(চ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটি কে রচনা করেন? এটি কী জাতীয় গ্রন্থ?

(ছ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের কাহিনীর কটি ভাগ ও কী কী?

(জ) নারায়ণদেব কোন অঞ্চলের মানুষ? তাঁর কাব্যের নাম কী?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের ফলাফল সংক্ষেপে আলোচনা করো।

(খ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের বিশেষত্ব আলোচনা করো।

(গ) বাংলা পদাবলী সাহিত্যে চণ্ডীদাস সমস্যা সম্পর্কে আলোচনা করো।

(ঘ) ধর্মমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করে তাঁর কাব্যের পরিচয় দাও।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের গুরুত্ব আলোচনা করো।

(খ) পদাবলী সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতির গুরুত্ব কতখানি তা আলোচনা করো।

(গ) রামায়ণের অনুবাদক হিসাবে কৃত্তিবাস ওঝার স্বতন্ত্রতা নিরূপণ করো।

(ঘ) মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্তের কৃতিত্বের মূল্যায়ন করো।

---

***AP-I/Bengali-101C-1A/19***

# B.A. 1st Semester (Programme) Examination, 2019-20

# BENGALI

**Course ID : 10118** **Course Code : APBNG-101C-1A**

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) বাংলা সাহিত্যের আদি নিদর্শন কোনটি? এটি কখন রচিত হয়?

(খ) ‘চণ্ডীদাসের ভাবশিষ্য’ কাকে, কেন বলা হয়?

(গ) বাংলা ভাষায় প্রথম চৈতন্যজীবনীকাব্য কে রচনা করেন? তাঁর কাব্যটির প্রথমে কী নাম ছিল?

(ঘ) ‘চৈতন্যচরিতামৃত’ কাব্যের কটি খণ্ড ও কী কী?

(ঙ) কৃত্তিবাস ওঝার রামায়ণ কবে, কোথা থেকে সর্বপ্রথম মুদ্রিত হয়?

(চ) ভাগবতের কোন কোন স্কন্ধ অনুসরণে মালাধর বসু তাঁর ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যটি রচনা করেন?

(ছ) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটির নাম কী?

(জ) ধর্মমঙ্গল কাব্যের কটি কাহিনী প্রচলিত? সেগুলি কী কী?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) চর্যাপদ আবিষ্কার ও গ্রন্থাকারে প্রকাশের বিবরণ দাও।

(খ) কৃত্তিবাসের কবিকৃতিত্ব সংক্ষেপে লেখো।

(গ) বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের ইতিহাসে অন্তর্ভুক্ত করার কারণ লেখো।

(ঘ) ধর্মমঙ্গল কাব্যকে রাঢ়ের জাতীয় কাব্য বলা হয় কেন?

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব আলোচনা করো।

(খ) বাংলা পদাবলী সাহিত্যের ইতিহাসে চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করো।

(গ) মহাভারতের অনুবাদক হিসাবে কাশীরাম দাসের শ্রেষ্ঠত্বের কারণ বুঝিয়ে দাও।

(ঘ) মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্তের কৃতিত্ব আলোচনা করো।

———————

*ACP-I/Bengali-103C-MIL-1/19*

# B.A. 1st Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 10119** **Course Code : ACPBNG-103C-MIL-1**

Course Title: উনিশ শতকের বাংলা সাহিত্যের সাধারণ পরিচয়

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাওঃ ২×৫=১০

(ক) ‘বিদ্যাদান ছল করি মিশনারি ভব।’

—কার লেখা, কোন কবিতার অংশ? ‘মিশনারি ভব’ বলতে কাকে বোঝানো হয়েছে? ২

(খ) ‘বাঁচাতে জীবের অসু বক্ষেতে বিপুল বসু’

—কোন্ কবিতার অংশ? ‘অসু’ এবং ‘বসু’ শব্দের অর্থ কী? ২

(গ) ‘কথোপকথন’ গ্রন্থটি কার লেখা? এই গ্রন্থের প্রথম প্রকাশ কত খ্রিস্টাব্দে? ২

(ঘ) ‘কথোপকথন’ গ্রন্থে ‘মুনসি’ কোন কোন ভাষা জানতেন? ২

(ঙ) ‘‘কন্যা বরয়তে রূপং মাতা বিত্তং পিতা শ্রুতং।
বান্ধবাঃ কুলমিচ্ছন্তি মিষ্টান্নমিতরে জনাঃ।।’’

অর্থ লেখো। ২

(চ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকের ‘ঘটক’ চরিত্রগুলির নাম লেখো। ২

(ছ) ‘রাজপুত জীবনসন্ধ্যা’ উপন্যাসে মোট কতগুলি পরিচ্ছেদ আছে? শেষ পরিচ্ছেদটির নাম লেখো। ২

(জ) ‘বর্ব্বর ভীলদিগের দুইটি অসাধারণ গুণ লক্ষিত হয়।’ ‘গুণ’ দুটি কী কী? ২

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০

(ক) ‘মাতৃভাষা’ কবিতায় মাতৃভাষা সম্পর্কে ঈশ্বরগুপ্তের যে শ্রদ্ধাবোধ প্রকাশিত হয়েছে, তার পরিচয় দাও।

(খ) ‘কথোপকথন’ গ্রন্থের ভাষারীতির বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(গ) ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকের ‘ব্রাহ্মণী’ চরিত্রটির পরিচয় দাও।

(ঘ) ‘রাজপুত জীবনসন্ধ্যা’ উপন্যাসের দুর্জ্জয়সিংহ চরিত্রটি আলোচনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) ‘‘ঈশ্বরগুপ্ত Realist এবং ঈশ্বরগুপ্ত Satirist।’’

—তোমাদের পাঠ্য কবিতা অবলম্বনে বক্তব্যটির যথার্থতা বিচার করো।

(খ) 'কথোপকথন' গ্রন্থের 'জমিদার রাইয়ত' পরিচ্ছেদ অবলম্বনে সমকালে জমিদার ও রাইয়তদের পারস্পরিক সম্পর্কটি আলোচনা করো।

(গ) উদ্দেশ্যমূলক নাটক হিসেবে 'কূলীনকুলসর্বস্ব' নাটকের সার্থকতা বিচার করো।

(ঘ) ঐতিহাসিক উপন্যাস হিসেবে 'রাজপুত জীবনসন্ধ্যা' উপন্যাসের গুরুত্ব আলোচনা করো।

---

*AH-I/Bengali-101C-1/19*

# B.A. 1st Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 10111** **Course Code : AHBNG-101C-1**

Course Title: বাংলা সাহিত্যের ঐতিহ্য

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) হরপ্রসাদ শাস্ত্রী কোন শিরোনামে ১৩১৬ বঙ্গাব্দে চর্যাগীতির পুঁথি ও অন্যান্য কয়েকটি পুঁথি বঙ্গীয় সাহিত্য পরিষৎ থেকে প্রকাশ করেন?

(খ) চর্যাপদের পদকর্তা হিসেবে মোট কতজনের নাম পাওয়া যায়? ১ নম্বর পদটির রচয়িতা কে?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথিটি কার বাড়ির কোথা থেকে আবিষ্কৃত হয়? আবিষ্কারকের নাম লেখো।

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তনে' রাধার বাবা ও মায়ের নাম কী? জন্মখণ্ডে বড়াই এর পরিচয় দিতে গিয়ে কী বলা হয়েছে?

(ঙ) জরতী বেশে অন্নদা কাকে দেখা দিয়েছিলেন? ভারতচন্দ্র কোন রাজার সভাকবি ছিলেন?

(চ) যত আনি তত নাই না ঘুচিল খাই খাই
কিবা সুখ এ ঘরে থাকিয়া।

কে কোন প্রসঙ্গে একথা বলেছে? বক্তা ঘর ছেড়ে কোথায় গেলেন?

(ছ) 'হুতোম প্যাঁচার নকশা'র অন্তর্গত দুটি বড়ো ও দুটি ছোট নকশার নাম লেখো।

(জ) 'হুতোম প্যাঁচার নকশা' রচয়িতার একটি নাটক ও একটি অনুবাদ গ্রন্থের নাম লেখো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ''চর্যাপদ প্রাচীন বাংলার প্রথম সাহিত্যিক নিদর্শন''—মন্তব্যটি আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে বড়ায়ি চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) ''ভূতনাবানো' নকশাটিতে লেখক বাঙালী হিন্দুর হাস্যকর ধর্মবিশ্বাসের ওপর তীব্র ব্যঙ্গের চাবুক চালিয়েছেন''—নকশাটি অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো।

(ঘ) 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'—উদ্ধৃতিটির বক্তা কে? উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) চর্যাগীতিগুলির মধ্যে তৎকালীন সমাজচিত্র কীভাবে ব্যক্ত হয়েছে তা প্রাসঙ্গিক পদ অবলম্বনে আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের জন্মখণ্ডের বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

(গ) নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে
রাজা কৃষ্ণচন্দ্রের আজ্ঞায়।

ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কোন কোন দিক দিয়ে নূতন তা আলোচনা করো।

(ঘ) 'হুতোমি ভাষা দরিদ্র ইহার তত শব্দ নাই'—একথা কে বলেছেন? হুতোমি ভাষার বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

---